

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৮৭৯

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫. আবু মাহযুরা (রাঃ)-এর আযান এবং এ সম্পর্কে বিভিন্নরূপ রিওয়ায়াত

بَابٌ : فِي ذِكْرِ أَذَانِ أَبِي مَحْذُورَةَ ، وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِيهِ

আরবী

ثَنَا أَبُو بَكْرِ النَّيْسَابُورِيُّ ، نَا أَبُو حُمَيْدِ الْمِصِيِّيصِيُّ ، ثَنَا حَجَّاجٌ ، قَالَ ابْنُ جُرَيْج : أَخْبَرَنِي عُثْمَانُ بْنُ السَّائِب ، أَخْبَرَنِي أَبِي ، وَأُمُّ عَبْدِ الْمَلِك بْنِ أَبِي مَحْذُورَةَ ، عَنْ أَبِي مَحْذُورَةَ ، قَالَ : " لَمَّا خَرَجَ النَّبِيُّ _ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ إِلَى حُنَيْن ، خَرَجْتُ عَاشِرَ عَشَرَةٍ مِنْ أَهْلِ مَكَّةَ أَطْلُبُهُمْ ، قَالَ : فَسَمِعْنَاهُمْ يُؤَذَّنُونَ لِلصَّلَاةِ ، فَقُمْنَا نُؤَذَّنُ نَسْتَهْزِئُ بِهِمْ! فَقَالَ النَّبِيُّ _ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ : " لَقَدْ سَمِعْتُ فِي هَؤُلَاءِ تَأْذِينَ إِنْسَانِ حَسَنِ الصَّوْتِ " . فَأَرْسَلَ إِلَيْنَا ، فَأَذَّنَّا كُلُّنَا رَجُلًا ، فَكُنْتُ آخِرَهُمْ ، فَقَالَ حِينَ أَذَّنْتُ " تَعَالَ " . فَأَجْلَسَنِي بَيْنَ يَدَيْهِ ، فَمَسَحَ عَلَى نَاصِيَتِي ، وَبَارَكَ عَلَيَّ ثَلَاثَ مَرَّات ، ثُمَّ قَالَ : " اذْهَبْ فَأَذَّنْ عِنْدَ الْبَيْت " قُلْتُ : كَيْفَ يَا رَسُولَ اللَّهِ ؟ قَالَ : فَعَلَّمَنِي الْأَذَانَ كَمَا تُؤَذَّنُونَ الْآنَ : " اللَّهُ أَكْبَرُ ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ ، حَىَّ عَلَى الصَّلَاةِ ، حَيَّ عَلَى الصَّلَاةِ ، حَيَّ عَلَى الْفَلَاح ، حَيَّ عَلَى الْفَلَاح ، الصَّلَاةُ خَيْرٌ مِنَ النَّوْم ، الصَّلَاةُ خَيْرٌ مِنَ النَّوْم _ فِي الْأُولَى مِنَ الصُّبْح _ اللَّهُ أَكْبَرُ ، اللَّهُ أَكْبَرُ ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ " . قَالَ : وَعَلَّمَنِي الْإِقَامَةَ مَرَّتَيْن : " اللَّهُ أَكْبَرُ ، اللَّهُ أَكْبَرُ ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ ، حَيَّ عَلَى الصَّلَاةِ ، حَيَّ عَلَى الْفَلَاحِ ، قَدْ قَامَتِ الصَّلَاةُ ، قَدْ قَامَتِ الصَّلَاةُ ، اللَّهُ أَكْبَرُ ، اللَّهُ أَكْبَرُ ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ . قَالَ ابْنُ جُرَيْجٍ : أَخْبَرَنِي هَذَا الْخَبَرَ كُلَّهُ عُثْمَانُ ، عَنْ أَبِيهِ ، وَعَنْ أُمِّ عَبْد الْمَلِك بْن أَبِي مَحْذُورَةَ ، أَنَّهُمَا سَمِعَا ذَلِكَ مِنْ أَبِي مَحْذُورَةَ

বাংলা



৮৭৯(৩)। আবু বাকর আন-নায়সাপুরী ... আবু মাহযুরা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন হুনাইনের উদ্দেশে রওয়ানা হলেন, তাদের অনুসন্ধানে মক্কা থেকে যে দশজন লোক রওয়ানা হলো, আমিও তাদের একজন ছিলাম। তিনি বলেন, আমরা তাদের নামাযের আযান শুনলাম। আমরা তাদের উপহাস করার জন্য দাঁড়িয়ে আযান দিলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমি এদের মধ্যে একজনের উত্তম সুরে আযান শুনেছি। তিনি আমাদের জন্য লোক পাঠালেন। আমাদের প্রত্যেকে ভিন্ন ভিন্নভাবে আযান দিলো। আমি ছিলাম তাদের সকলের মধ্যে শেষ ব্যক্তি। আমি আযান দিলে তিনি বলেনঃ আমার কাছে এসো। তিনি আমাকে তাঁর সামনে বসালেন। তিনি আমার মাথার সম্মুখভাগে হাত বুলালেন এবং আমার জন্য তিন বার বরকতের দোয়া করলেন।

অতঃপর তিনি বলেনঃ যাও ঘরের কাছে গিয়ে আযান দাও। আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! কিভাবে? তিনি বলেন, অতএব তিনি আমাকে আযান শিক্ষা দিলেন যেভাবে আজকাল আযান দেয়া হয়। আল্লাহু আকবার আল্লাহু আকবার আল্লাহু আকবার। আশহাদু আল-লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আল-লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আল্লা মুহাম্মাদার রাসূলুল্লাহ, আশহাদু আলা মুহাম্মাদার রাসূলুল্লাহ, আশহাদু আলা-লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আল-লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আলা-লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আলা-লা ইলাহা ইল্লাল্লাহ, হায়্যা আলাস-সালাহ হায়্যা আলাস-সালাহ হায়্যা আলাস-সালাহ, হায়্যা আলাল ফালাহ হায়্যা আলাল ফালাহ। আস-সালাতু খাইরুম মিনান নাওম, আস-সালাতু খাইরুম মিনান নাওম। (দিনের) প্রথম ফজরের আযানে তা বলবে। আল্লাহু আকবার আল্লাহু আকবার, লা ইলাহা ইল্লাল্লাহ।

রাবী বলেন, তিনি আমাকে ইকামত শিক্ষা দিলেন শব্দগুলো দুই দুইবার করে বলতেঃ আল্লাহু আকবার আল্লাহু আকবার। আশহাদু আল-লা ইলাহা ইল্লাল্লাহ। আশহাদু আল-লা ইলাহা ইল্লাল্লাহ। আশহাদু আলা মুহাম্মাদার রাসূলুল্লাহ, আশহাদু আলা মুহাম্মাদার রাসূলুল্লাহ। হায়্যা আলাস-সালাহ, হায়্যা আলাল-ফালাহ, কাদ কামাতিস সালাহ, কাদ কামাতিস সালাহ। আল্লাহু আকবার আল্লাহু আকবার। লা ইলাহা ইল্লাল্লাহ। ইবনে জুরাইজ (রহঃ) বলেন, আমার নিকট এই হাদীস বর্ণনা করেন উসমান-তার পিতা-উম্মে আবদুল মালেক ইবনে আবু মাহয়ুরা (রহঃ), তারা উভয়ে এই হাদীস আবু মাহযুরা (রাঃ)-র নিকট শুনেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু মাহযুরা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন